**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮২৯০ তারিখ: ০৩/১১/২০২৫খ্রি:

# অফিস আদেশ

বিষয়: **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের উন্নয়ন বাজেটের আওতায় কার্য এবং বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবার চুক্তি ব্যবস্থাপনার ক্ষেত্রে ভেরিয়েশন প্রতিপাদন কমিটি (Variation Assessment Committee) গঠন প্রসঙ্গে।**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের উন্নয়ন বাজেটের আওতায় কার্য এবং বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবার চুক্তি ব্যবস্থাপনার ক্ষেত্রে, চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত ভেরিয়েশন প্রস্তাব পরীক্ষা-নিরীক্ষাপূর্বক **ভেরিয়েশনের পরিপ্রেক্ষিত ও মূল্যের যথার্থতা নিরূপণের লক্ষ্যে** পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ১৫ অনুযায়ী নিম্নরূপ **ভেরিয়েশন প্রতিপাদন কমিটি** গঠন করা হলো:

| ভেরিয়েশন অনুমোদনকারী কর্তৃপক্ষ | ক্রয়ের ধরন | ভেরিয়েশন প্রতিপাদন কমিটি (Variation Assessment Committee) | |
|---|---|---|---|
| ক্রয়কারী কার্যালয় প্রধান বা তদূর্ধ্ব কর্তৃপক্ষ | কার্য | ভেরিয়েশন প্রতিপাদন কমিটি-১ | ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সংশ্লিষ্ট অঞ্চল, এলজিইডি (সভাপতি)।<br>২। সড়ক ও জনপথ অধিদপ্তর/গণপূর্ত অধিদপ্তর/বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর একজন প্রতিনিধি, সংশ্লিষ্ট জেলা (বহিঃসদস্য, উপ-বিভাগীয় প্রকৌশলীর নিচে নয়)।<br>৩। উপ-প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলী/সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, সংশ্লিষ্ট প্রকল্প, এলজিইডি (জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রাপ্তি সাপেক্ষে) (সদস্য সচিব)। |
| | বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা | ভেরিয়েশন প্রতিপাদন কমিটি-২ | ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সড়ক ও সেতু রক্ষণাবেক্ষণ), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সভাপতি)।<br>২। সড়ক ও জনপথ অধিদপ্তর/গণপূর্ত অধিদপ্তর/বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর একজন প্রতিনিধি (বহিঃসদস্য, উপ-বিভাগীয় প্রকৌশলীর নিচে নয়)।<br>৩। সিনিয়র সহকারী প্রকৌশলী (প্রকিউরমেন্ট), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য সচিব)। |
| ক্রয়কারী কার্যালয় প্রধানের নিম্ন পর্যায়ের কর্তৃপক্ষ | কার্য | ভেরিয়েশন প্রতিপাদন কমিটি-৩ | ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সংশ্লিষ্ট অঞ্চল, এলজিইডি (সভাপতি)।<br>২। সড়ক ও জনপথ অধিদপ্তর/গণপূর্ত অধিদপ্তর/বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর একজন প্রতিনিধি, সংশ্লিষ্ট জেলা (বহিঃসদস্য, উপ-বিভাগীয় প্রকৌশলীর নিচে নয়) (সদস্য)।<br>৩। উপ-প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলী/সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, সংশ্লিষ্ট প্রকল্প, এলজিইডি (জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রাপ্তি সাপেক্ষে) (সদস্য সচিব)। |
| | বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা | ভেরিয়েশন প্রতিপাদন কমিটি-৪ | ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (মান-নিয়ন্ত্রণ), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সভাপতি)।<br>২। সড়ক ও জনপথ অধিদপ্তর/গণপূর্ত অধিদপ্তর/বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর একজন প্রতিনিধি (বহিঃসদস্য, উপ-বিভাগীয় প্রকৌশলীর নিচে নয়)।<br>৩। সিনিয়র সহকারী প্রকৌশলী (প্রকিউরমেন্ট), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য সচিব)। |

২। ভেরিয়েশন প্রতিপাদন কমিটির কার্যক্রম পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর সংশ্লিষ্ট বিধি এবং চুক্তি দলিলের সংশ্লিষ্ট শর্ত মোতাবেক পরিচালিত হবে। উক্ত কমিটি ভেরিয়েশন প্রস্তাব পরীক্ষা-নিরীক্ষাপূর্বক পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ৫০ (২০) অনুযায়ী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে একটি প্রতিবেদন প্রণয়ন করে ক্রয়কারী কার্যালয় প্রধান বা অনুমোদনকারী কর্তৃপক্ষের (যেক্ষেত্রে, অনুমোদনকারী কর্তৃপক্ষ ক্রয়কারী কার্যালয় প্রধানের নিম্ন পদমর্যাদার কোন কর্তৃপক্ষ) নিকট উপস্থাপন করবেন।

৩। অন্যান্য ক্রয়ের ক্ষেত্রে ভেরিয়েশন প্রতিপাদন কমিটি গঠনের প্রয়োজন হলে, ক্রয়কারী কার্যালয় প্রধান বা অনুমোদনকারী কর্তৃপক্ষ (যেক্ষেত্রে, অনুমোদনকারী কর্তৃপক্ষ ক্রয়কারী কার্যালয় প্রধানের নিম্ন পর্যায়ের কোন কর্তৃপক্ষ) পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ১৫ অনুযায়ী এবং প্রকিউরমেন্ট ইউনিটের মতামত নিয়ে কমিটি গঠন করবেন।

৪। যেক্ষেত্রে ভেরিয়েশন অনুমোদনকারী কর্তৃপক্ষ ক্রয়কারী কার্যালয় প্রধানের নিম্ন পর্যায়ের কোনো কর্তৃপক্ষ এবং প্রস্তাবিত ভেরিয়েশনের মূল্য মূল চুক্তিমূল্যের শতকরা ৫ (পাঁচ) ভাগের অধিক নয়, সেক্ষেত্রে ভেরিয়েশন প্রতিপাদন কমিটির প্রতিবেদন গ্রহণের বাধ্যবাধকতা নেই।

৫। আঞ্চলিক পর্যায়ে Rate Negotiation Committee গঠন সংক্রান্ত ইতোপূর্বে জারিকৃত সকল অফিস আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

৬। অফিস আদেশটি জনস্বার্থে জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

(জাবেদ করিম) ৬/১১
প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব)
ফোন: ০২-৫৫০০৭২৪৮
ই-মেইল: ce@lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-২৯০/১ (৭৬০)    তারিখ: ০৬/১১/২০২৫ খ্রি:

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সদর দপ্তর, ঢাকা।

(১-৩) উপযুক্ত প্রতিনিধি মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হলো

৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি।
৬। প্রকল্প পরিচালক (সকল)........................................................ এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৭। নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলা: ..........................................................................।
৮। উপজেলা প্রকৌশলী (সকল), এলজিইডি, ........................... উপজেলা, জেলা: .................................।
৯। অফিস কপি।

০৬.১১.২০২৫
(মোঃ জাহিদ হোসেন খান)
নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)
ফোন: ০২-৫৫০০৬৭৭৫
ইমেইল: xen.procurement@lged.gov.bd